

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
লাকসাম, কুমিল্লা।

পত্র নংঃ ৩৩.০২.১৯৭২.৫০১.২১.০০১.২০-০৮

তারিখঃ ১৫/০১/২০২৩ খ্রি।

বিষয়ঃ জাতীয় মৎস্য পদক-২০২৩ এর মনোনয়ন প্রস্তাব আহ্বান প্রসঙ্গে।

সূত্রঃ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা এর পত্র নং-৩৩.০২.০০০০.১২০.০২.০৩৫.২৩-৩ তারিখঃ ০৪/০১/২০২৩ খ্রি।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য সেক্টরে বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর জাতীয় মৎস্য পদক প্রদান করা হয়ে থাকে। মৎস্য সম্পদ উন্নয়নে জাতীয় মৎস্য পদক প্রদান সরকার অনুমোদিত সর্বশেষ “জাতীয় মৎস্য পদক নীতিমালা ২০১৯” অনুসারে পরিচালিত হচ্ছে।

লাকসাম উপজেলাধীন জাতীয় মৎস্য পদক-২০২৩ প্রত্যাশী সফল ও আগ্রহী মৎস্য চাষী এবং মৎস্য সেক্টরে উল্লেখযোগ্য অবদান আছে এমন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে প্রযোজ্য ও নির্ধারিত মনোনয়ন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

প্রার্থীর জন্য প্রযোজ্য ও নির্ধারিত মনোনয়ন ফরমে প্রদত্ত তথ্যাদি যাচাই-বাচাই করে উপজেলা কমিটি কর্তৃক অনুমোদন পূর্বক জেলা কমিটিতে প্রেরণ করা হবে।

মনোনয়ন ফরম অত্র দপ্তর অথবা <http://www.fisheries.gov.bd> এ পাওয়া যাবে।

অত্র দপ্তরে মনোনয়ন ফরম জমাদানের সর্বশেষ তারিখঃ ৩১/০১/২০২৩ খ্রি।


মোঃ শওকত আলী

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।

পত্র নংঃ ৩৩.০২.১৯৭২.৫০১.২১.০০১.২০-০৮/১(১৫)

তারিখঃ ১৫/০১/২০২৩ খ্রি।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।


২. জেলা মৎস্য কর্মকর্তা, কুমিল্লা।

৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

৪. উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।

৫. মেয়র/চেয়ারম্যান..... পৌরসভা/ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।

৬. অফিস নথি।


মোঃ শওকত আলী

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।